

া সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৮০১

২৭/ শিষ্টাচার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ২৭/৫৫. প্রশংসাকারীদের ফ্যীলাত

بَابِ فَضْلِ الْحَامِدِينَ

আরবী

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْمُنْذِرِ الْحِزَامِيُّ، حَدَّثَنَا صَدَقَةُ بْنُ بَشِيرٍ، مَوْلَى الْعُمَرِيِّينَ قَالَ سَمِعْتُ قُدَامَةَ بْنَ إِبْرَاهِيمُ الْجُمَحِيَّ، يُحَدِّثُ أَنَّهُ كَانَ يَخْتَلِفُ إِلَى عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ بْنِ الْخَطَّابِ وَهُوَ غُلاَمٌ وَعَلَيْهِ ثَوْبَانِ مُعَصِيْفَرَانِ قَالَ فَحَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ أَنَّ رَسُولَ اللَّهِ علىه وسلم - حَدَّثَهُمْ " أَنَّ عَبْدًا مِنْ عِبَادِ اللَّهِ قَالَ يَا رَبِّ لَكَ الْحَمْدُ كَمَا يَنْبَغِي الله عليه وسلم - حَدَّثَهُمْ " أَنَّ عَبْدًا مِنْ عِبَادِ اللَّهِ قَالَ يَا رَبِّ لَكَ الْحَمْدُ كَمَا يَنْبَغِي الله عليه وسلم - حَدَّثَهُمْ " أَنَّ عَبْدًا مِنْ عِبَادِ اللَّهِ قَالَ يَا رَبِّ لَكَ الْحَمْدُ كَمَا يَنْبَغِي الْجَلالِ وَجْهِكَ وَلِعَظِيمِ سُلْطَانِكَ فَعَضَّلَتْ بِالْمَلَكَيْنِ فَلَمْ يَدْرِيا كَيْفَ يَكْتُبَانِهَا فَصَعِدًا إِلَى السَّمَاءِ وَقَالاَ يَا رَبَّ إِنَّ عَبْدَكَ قَدْ قَالَ مَقَالَةً لاَ نَدْرِي كَيْفَ نَكْتُبُهَا . قَالَ اللَّهُ عَزَّ وَجَلَّ السَّمَاءِ وَقَالاً يَا رَبِّ لِكَ الْحَمْدُ كَمَا يَنْبَغِي وَهُولَ أَعْلَمُ بِمَا قَالَ عَبْدُ مَاذَا قَالَ عَبْدِي قَالاَ يَا رَبِّ إِنَّهُ قَالَ يَا رَبِّ لَكَ الْحَمْدُ كَمَا يَنْبَغِي وَهُولَ أَعْلَمُ بِمَا قَالَ عَبْدُي عَقَالَ اللَّهُ عَزَّ وَجَلَّ لَهُمَا اكْتُبَاهَا كَمَا قَالَ عَبْدِي حَتَّى وَعَظِيمٍ سُلْطَانِكَ . فَقَالَ اللَّهُ عَزَّ وَجَلَّ لَهُمَا اكْتُبَاهَا كَمَا قَالَ عَبْدِي حَتَّى يَلْقَانِي فَأَجْزِيَهُ بِهَا " .

বাংলা

২/৩৮০১। আবদুল্লাহ ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তাদের নিকট হাদীস বর্ণনা করেছেন যে, আল্লাহর বান্দাগণের মধ্যকার এক বান্দা বললো, "হে প্রভূ! আপনার মহিমান্বিত চেহারার এবং আপনার মহান রাজত্বের উপযোগী প্রশংসা আপনার জন্য "। দু'জন ফেরেশতা একথা শুনে হতবাক হলেন এবং তারা ঠিক বুঝে উঠতে পারলেন না যে, তা কিভাবে লিপিবদ্ধ করবেন। তাই তারা আসমানে আরোহণ করে বলেন, হে আমাদের প্রভূ! আপনার এক বান্দা এমন একটি বাক্য বলেছে, যা আমরা কিভাবে লিখবো তা বুঝে উঠতে পারছি না। মহান আল্লাহ জিজ্ঞেস করলেন, যদিও তাঁর বান্দা যা বলেছে তা তিনি সম্যক অবগত,—আমার বান্দা কী বলেছে? ফেরেশতাদ্বয় বলেন, হে আমাদের প্রভূ! সে বলেছে, "হে প্রভূ! তোমার মহিমান্বিত চেহারার এবং তোমার মহান রাজত্বের উপযোগী প্রশংসা তোমার জন্য "। মহান আল্লাহ তা'আলা তাদেরকে বলেন, আমার বান্দা যেভাবে বলেছে তদ্রপই লিখে রাখো। আমার সাথে সাক্ষাৎ লাভের সময় আমি তাকে তার বিনিময় দান করবো।



English

It was narrated from 'Abdullah bin 'Umar that:

the Messenger of Allah (ﷺ) told them: "One of the slaves of Allah said: 'Ya Rabb! Lakal-hamdu kama yanbagi li-jalali Wajhika wa li 'azima sultanika (O Lord, to You is praise as befits the Glory of Your Face and the greatness of Your Might.)' The angels were uncertain and did not know how to write this down, so they ascended to heaven and said: 'O our Lord, Your slave has said a word that we do not know how to write down.' Allah said - and He knows best what His slave said - 'What did My slave say?' They said: 'O Lord, he said "Ya Rabb! Lakal-hamdu kama yanbagi li-jalali Wajhika wa li'azima sultanika (O Lord, to You is praise as befits the Glory of Your Face and the greatness of your Might).'" Allah said to them: 'Write it down as My slave said it, until he meets Me and I shall reward him for it.'"

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। আত-তালীকুর রাগীব ২/২৫৩। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী সাদাকাহ বিন বাশীরকে কেউ তাওসীক করেননি। ইবনু হাজার আল-আসকালানী তার আত-তাকরীব গ্রস্থে বলেন, তিনি মাকবুল। অর্থাৎ মুতাবাআতের সময় তিনি মাকবুল অন্যথায় তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। এই হাদিসের ক্ষেত্রে কোন মুতাবাআত নেই। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৮৬০, ১৩/১২৭ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন